

## জাত পরিচিতি

জাতীয় বীজ বোর্ডের ১১৫তম ব্রি হাইব্রিড ধান১০ সারা দেশজুড়ে চাষাবাদের জন্য অনুমোদন লাভ করে। জাতটির পিতৃ ও মাতৃ সারি দেশীয়ভাবে উদ্ভাবিত। এটি মাতৃ সারি বিআরআরআই ৭২এ এবং পিতৃ সারি বিআরআরআই ৪২আর এর সংকরায়ণের ফলে উদ্ভাবিত হাইব্রিড জাত। জাতটির কৌলিক সারি বিআর৩৭৫৫এইচ। জাতটি চারা থেকে পরিপক্ব অবস্থা পর্যন্ত ৪-৮ ডিএস/মি: মাত্রায় লবনাক্ততা সহনশীল। বোরো মওসুমের লবনাক্ত অঞ্চল ও সারা দেশের স্বাভাবিক অঞ্চলের জন্য জাতটি উপযোগী।

## জাতের বৈশিষ্ট্য

- ▶ পরিপক্ব অবস্থায় গাছের পাতা সবুজ থাকে।
- ▶ ঢলে পড়া প্রতিরোধী।
- ▶ মাঝারী লবনযুক্ত মাটিতে (৮ ডিএস/মি) এ চাষযোগ্য
- ▶ চারা থেকে পরিপক্ব অবস্থা পর্যন্ত ৪-৮ ডিএস/মি: মাত্রায় লবনাক্ততা সহনশীল।
- ▶ দানার আকৃতি চিকন
- ▶ দানায় অ্যামাইলোজের পরিমাণ ২৩.৫%।
- ▶ জীবনকাল ১৪৫-১৪৭ দিন।
- ▶ কৃষকের মাঠে স্বাভাবিক অবস্থায় ফলন ৯.৭-১০.৭ টন/হে.
- ▶ উপকূলীয় অঞ্চলে ফলন ৬.৫-৭ টন/হে



ব্রি হাইব্রিড ধান১০